# নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

ওহোদ যুদ্ধের উল্লেখযোগ্য বিষয়সমূহ- ৬. ফেরেশতারা যাঁকে গোসল দিলেন (غسيل الملائكة)

যুদ্ধে যাওয়ার ঘোষণা শুনেই বাসর ঘর ছেড়ে ত্বরিৎ গতিতে যুদ্ধের ময়দানে এসে শত্রুদের উপরে ঝাঁপিয়ে পড়েন সদ্য বিবাহিত যুবক হানযালা বিন আবু ‘আমের আর-রাহেব। অমিত বিক্রমে যুদ্ধ করতে করতে তিনি শত্রু বাহিনীর সারিগুলি তছনছ করে মধ্যভাগে পৌঁছে যান। অতঃপর কুরায়েশ সেনাপতি আবু সুফিয়ানের মাথার উপরে তরবারি উত্তোলন করেন তাকে খতম করে দেবার জন্য। কিন্তু সেই মুহূর্তে শত্রুপক্ষের শাদ্দাদ বিন আউসের আঘাতে তিনি ধরাশায়ী হন ও শাহাদাত বরণ করেন।

যুদ্ধশেষে হানযালার মৃত দেহ অদৃশ্য ছিল। অনেক সন্ধানের পর এক স্থানে এমন অবস্থায় পাওয়া গেল যে, যমীন হ’তে উপরে রয়েছে এবং ওটা হ’তে টপটপ করে পানি পড়ছে। এ দৃশ্য দেখে রাসূলুল্লাহ (ছাঃ) ছাহাবায়ে কেরামকে বললেন, ‘ফেরেশতারা তাকে গোসল দিচ্ছে’। পরে তার স্ত্রীর কাছে প্রকৃত ব্যাপারটি জানা যায় যে, তিনি নাপাকীর গোসল ছাড়াই যুদ্ধের ময়দানে ছুটে এসেছিলেন। ফলে তখন থেকে হানযালা ‘গাসীলুল মালায়েকাহ’ (غَسِيلُ الْمَلاَئِكَةِ) বা ‘ফেরেশতাগণ কর্তৃক গোসলকৃত’ বলে অভিহিত হন।[1] অপর হাদীছ থেকে জানা যায় রাসূল (ছাঃ) হামযা (রাঃ) ও হানযালা (রাঃ) উভয়কেই ফেরেশতা কর্তৃক গোসল দিতে দেখেছিলেন, কেননা তারা উভয়েই নাপাক ছিলেন।[2]

## ফুটনোট

[1]. হাকেম হা/৪৯১৭; ছহীহাহ হা/৩২৬ সনদ হাসান।

[2]. ত্বাবারাণী কাবীর হা/১২০৯৪; আলবানী, আহকামুল জানায়েয ১/৫৬, সনদ ছহীহ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5456

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন